



কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪

Cumilla Palli Bidyut Samity-4

লাকসাম, কুমিল্লা।

web: pbs4.comilla.gov.bd.

e-mail: comillapbs4@gmail.com

নম্বর: ২৭.১২.১৯৭২.৫৭৬.০২.০০৮.২২.১৭৯২

তারিখ: ২১ চৈত্র ১৪২৮

০৪ এপ্রিল ২০২২

“নিয়োগ বিজ্ঞপ্তি”

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ এ নিম্নবর্ণিত ডাটা এন্ট্রি অপারেটর, অফিস সহায়ক ও ড্রাইভার এর শূন্য পদে স্থায়ী ভিত্তিতে লোকবল নিয়োগের নিমিত্তে যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফর্মে স্বহস্তে পূরণকৃত নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	বয়স সীমা	বেতন ও অন্যান্য ভাতা	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
০১	ডাটা এন্ট্রি অপারেটর (মহিলা দের জন্য সংরক্ষিত)	২৬/০৪/২০২২ খ্রিঃ বয়স সীমা ন্যূনতম ১৮ এবং অনুর্ধ্ব ৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা কোটায় ৩২ বছর। মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীর ক্ষেত্রে প্রমাণক দাখিল করতে হবে।	পবিস বেতন কাঠামো ২০১৬ মোতাবেক ১৮,৩০০.০০ হতে ৪৬,২৪০.০০ টাকা এবং নিয়মানুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রদেয়।	(ক) এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ অথবা সিজিপিএ ৪ এর মধ্যে কমপক্ষে ২.২৫ অথবা জিপিএ ৫ এর মধ্যে কমপক্ষে ২.৫০ পেয়ে উত্তীর্ণ হতে হবে। (খ) বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম ২০ (বিশ) শব্দ ও ইংরেজিতে প্রতি মিনিটে ন্যূনতম ৩০ (ত্রিশ) শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে। (গ) ওয়ার্ড প্রসেসিং ও প্রিন্টিং কাজে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে এবং কম্পিউটার পরিচালনায় পারদর্শী হতে হবে। (ঘ) দাপ্তরিক কাজে বাংলা ও ইংরেজি ব্যাকরণের ব্যবহার, বাংলা প্রমিত বানান রীতি, বিরাম চিহ্নের সঠিক প্রয়োগসহ বাক্য গঠনে এবং দাপ্তরিক চিঠিপত্র, প্রতিবেদন প্রস্তুত ও নথিভুক্তকরণে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। (ঙ) সম্পাদিত কার্যাদি সুবিন্যস্ত ও পরিষ্কারভাবে উপস্থাপনে দক্ষ/সক্ষম হতে হবে। (চ) যথাযথ ফাইলিং পদ্ধতি, পত্র যোগাযোগ, তথ্য ও ফাইল ডাটা সম্পর্কে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।	বরগুনা, বরিশাল, বগুড়া, চট্টগ্রাম, কক্সবাজার, ঢাকা, গাইবান্ধা, গাজীপুর, গোপালগঞ্জ, হবিগঞ্জ, জামালপুর, যশোর, ঝালকাঠি, জয়পুরহাট, কুষ্টিয়া, লারমনিরহাট, মাগুরা, মৌলভীবাজার, ময়মনসিংহ, নওগা, নারায়ণগঞ্জ, নাটোর, টাঙ্গাইল, বাবগঞ্জ, নেত্রকোনা, নীলফামারী, পাবনা,

০২	অফিস সহায়ক	ঐ	<p>পবিস বেতন কাঠামো ২০১৬ মোতাবেক ১৫,৫০০.০০ হতে ৩৯,১৭০.০০ টাকা এবং নিয়মানুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রদেয়।</p>	<p>(ক) এস.এস.সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। (খ) প্রার্থীকে অবশ্যই সং, বিশ্বস্ত এবং উত্তম চরিত্রের অধিকারী হতে হবে। (গ) প্রার্থীর সুন্দর শারীরিক গঠন এবং অবশ্যই সুঠাম দেহের অধিকারীসহ ব্যক্তিত্ব সম্পন্ন হতে হবে। (ঘ) সাইকেল চালানোয় পারদর্শী হতে হবে এবং অবশ্যই নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে। (ঙ) প্রার্থীকে দাপ্তরিক চিঠিপত্র আদান-প্রদান, পরিষ্কার-পরিচ্ছন্নতা, গৃহস্থালী এবং অফিস ডেকোরেশন কাজে পারদর্শী হতে হবে।</p>	<p>পঞ্চগড়, পটুয়াখালী, রাজশাহী, রংপুর, সিরাজগঞ্জ, সুনামগঞ্জ, সিলেট।</p>
০৩	ড্রাইভার (পুরুষ)	২৬/০৪/২০২২ খ্রিঃ বয়স সীমা ন্যূনতম ১৮ এবং অনূর্ধ্ব ৪৫ বছর।	<p>পবিস বেতন কাঠামো ২০১৬ মোতাবেক ১৬,৬০০.০০ হতে ৪১,৯৫০.০০ টাকা এবং নিয়মানুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রদেয়।</p>	<p>(০১) সাবলীলভাবে বাংলা লিখতে ও পড়তে সক্ষম হতে হবে। এছাড়া বিভিন্ন রকম নির্দেশিকা, নির্দেশনা ও চিহ্ন পড়তে বুঝতে সক্ষম হতে হবে। এছাড়াও বিভিন্ন রিপোর্ট ও সিডিউল পূরণে সক্ষম হতে হবে। গাড়ীর সকল নির্দেশনাবলী ইংরেজীতে থাকায় ইংরেজী অক্ষর ও নাম্বারিং পড়তে সক্ষম হতে হবে। (০২) প্রার্থীর BRTA কর্তৃক প্রদত্ত গাড়ী চালানোর ন্যূনতম হালকা যান চালানোর ড্রাইভিং লাইসেন্স (স্মার্ট কার্ড) থাকতে হবে। (০৩) যে কোন সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান অথবা বৃহৎ শিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠানে গাড়ী চালানো ও রক্ষণাবেক্ষণ সম্পর্কে ন্যূনতম ০৫ বছরের অভিজ্ঞতা সনদ (ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তির পর) জমা প্রদান করতে হবে। (০৪) বিগত ০৩ বছরের মধ্যে বড় ধরনের কোন দুর্ঘটনা ঘটেনি মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়ন পত্র সহ ভাল ড্রাইভিং-এর অভিজ্ঞতা সনদ জমা প্রদান করতে হবে। (০৫) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক ব্যবহারিক ও লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে (লিখিত পরীক্ষা হবে ছোট ধরনের ইঞ্জিন রিপেয়ারিং, টিউন-আপ, সাধারণ রক্ষণাবেক্ষণ জ্ঞান সম্পর্কে)। (০৬) প্রার্থীকে সুন্দর শারীরিক গঠন ও সুঠাম দেহের অধিকারীসহ ব্যক্তিত্বসম্পন্ন হতে হবে। উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাস্থ্য ও চক্ষু পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।</p>	<p>বরগুনা, বরিশাল, বগুড়া, চট্টগ্রাম, কক্সবাজার, ঢাকা, গাইবান্ধা, গাজীপুর, গোপালগঞ্জ, হবিগঞ্জ, জামালপুর, যশোর, ঝালকাঠি, জয়পুরহাট, কুষ্টিয়া, লারমনিরহাট, মাগুরা, মৌলভীবাজার, ময়মনসিংহ, নওগা, নারায়ণগঞ্জ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, নেত্রকোনা, নীলফামারী, পাবনা, পঞ্চগড়, পটুয়াখালী, রাজশাহী, রংপুর, সিরাজগঞ্জ, সুনামগঞ্জ, সিলেট।</p>

শর্তাবলীঃ

০১	উল্লেখিত যে কোন পদে নিয়োগলাভে আগ্রহী প্রার্থীগণকে কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪, কুমিল্লা এর ওয়েবসাইট www.pbs4.comilla.gov.bd অথবা বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ওয়েবসাইট www.reb.gov.bd হতে আবেদন ফরম A-4 সাইজের কাগজে (ফরম নং পমাসপ ১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড করে সংগ্রহ করতে হবে (পূরণযোগ্য প্রবেশপত্রসহ)। সংগৃহীত আবেদন ফরম স্ব-হস্তে যথাযথভাবে পূরণ করতঃ আগামী ২৬/০৪/২০২২ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪, লাকসাম, কুমিল্লা এর বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। একাধিক পদে আবেদন করতে আগ্রহী প্রার্থীকে প্রতিটি পদের জন্য পৃথক পৃথক ভাবে আবেদনপত্র প্রেরণ করতে হবে। নির্ধারিত আবেদন ফর্ম ব্যতীত অন্য কোন আবেদন ফর্মে/সাদা কাগজে/টাইপকৃত/সরাসরি কোন আবেদনপত্র অথবা উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
০২	প্রার্থীকে আবেদনপত্রে নিম্নোক্ত কাগজপত্রাদি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (সুস্পষ্ট নাম ও সীলযুক্ত) করে সংযুক্ত করতে হবেঃ ক) শিক্ষাগত যোগ্যতার সকল মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি (মার্কশীট/প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়)। খ) জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি। গ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত জাতীয়তা ও চারিত্রিক সনদপত্র। ঘ) সাম্প্রতিক কালে তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঞ্জন ছবি। ঙ) ড্রাইভার পদে আবেদনকারীগণ ড্রাইভিং লাইসেন্সের সত্যায়িত ফটোকপি। চ) জেনারেল ম্যানেজার, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪, লাকসাম, কুমিল্লা এর অনুকূলে ১০০/=মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে। পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়।
০৩	প্রাপ্ত আবেদন সমূহ প্রাথমিকভাবে বাছাইপূর্বক যোগ্য প্রার্থীদের লিখিত ও মৌখিক (প্রয়োজ্য ক্ষেত্রে ব্যবহারিক) পরীক্ষার তারিখ যথাসময়ে ডাকযোগে অবহিত করা হবে।
০৪	উত্তীর্ণ প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য “অন-প্রবেশনে” নিয়োগ প্রদান করা হবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থী যোগদানের সময় স্থানীয় সিভিল সার্জন/স্বীকৃত মেডিক্যাল অফিসার/পবিসের রিটেইনার চিকিৎসকের নিকট হতে সুস্থতার স্বাস্থ্যগত সার্টিফিকেট দাখিল করতে হবে। অন-প্রবেশন কালে অর্পিত দায়িত্ব ও কর্তব্যসমূহ যথাযথভাবে সম্পাদন, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক আয়োজিত নির্ধারিত প্রশিক্ষণে উত্তীর্ণ (ডাটা এন্ট্রি অপারেটর) বার্ষিক কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে (পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-১৭, ৩০০-২৪ এবং ৩০০-৫১ মোতাবেক) শর্ত সাপেক্ষে সমিতির নিজস্ব বেতন কাঠামোর নির্ধারিত বেতন পরিধিতে নিয়মিত করা হবে।
০৫	চাকুরীতে নিয়োগের পূর্বে প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন সম্পন্ন করা হবে। পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনকভাবে প্রাপ্তি সাপেক্ষে বর্ণিত প্রার্থীকে উক্ত পদে নিয়োগ প্রদান করা হবে।
০৬	আবেদনের সাথে সংযুক্ত সকল কাগজপত্র প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ও নাম সম্বলিত সীল থাকতে হবে। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
০৭	অত্র সমিতির এলাকা পরিচালক/ মহিলা পরিচালক ও সমিতির কর্মকর্তা/ কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীদের রক্তের সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না। এছাড়া অত্র সমিতির ভৌগলিক এলাকার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।
০৮	প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দেওয়া হলে অথবা কোন তথ্য গোপন রাখলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে।
০৯	জেলা কোর্টার প্রাপ্যতা অনুযায়ী জেলার স্থায়ী ঠিকানার অধিবাসী প্রার্থীগণ উল্লিখিত পদে আবেদন করতে পারবেন।
১০	বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মুহূর্ত পর্যন্ত কোন পদে নিয়োগ/বদলী/পদোন্নতির মাধ্যমে কোন জেলা কোর্টা পূরণ হলে সেই জেলার প্রার্থীদের আবেদন বিবেচনা করা হবে না।
১১	প্রার্থীকে বাংলাদেশের যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে চাকুরী করতে সম্মত থাকতে হবে।
১২	ইতোপূর্বে কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/ বরখাস্ত/স্বৈচ্ছায় পদত্যাগকারী এমন কারও আবেদন করার প্রয়োজন নেই।
১৩	লিখিত/মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূল কপি সঙ্গে আনতে হবে।

১৪	নতুন পদসৃষ্টি, পদোন্নতি, বদলী, কর্মচারীর অবসর গ্রহণ, মৃত্যু, পদত্যাগ অথবা অপারগতা ইত্যাদি কারণে উল্লিখিত পদে শূণ্য পদের সংখ্যা পরিবর্তন হতে পারে।
১৫	অত্র নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে নিয়োগ প্রদানে কর্তৃপক্ষ বাধ্য নহে।
১৬	অসম্পূর্ণ/ভুল আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।
১৭	নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত-ই চূড়ান্ত বলে গণ্য হবে।



৪-৪-২০২২

মোঃ ছাদেক জামান

জেনারেল ম্যানেজার

ইমেইল:

comillapbs4@gmail.com


নম্বর: ২৭.১২.১৯৭২.৫৭৬.০২.০০৮.২২.১৭৯২/১(৯৫)

তারিখ: ২১ চৈত্র ১৪২৮

০৪ এপ্রিল ২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
- ২) পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
- ৩) পরিচালক (প্রশাসন), পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
- ৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব), তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়, কুমিল্লা জোন
- ৬) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা
- ৭) পুলিশ সুপার, কুমিল্লা।
- ৮) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস
- ৯) একান্ত সচিব, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
- ১০) একান্ত সচিব, সদস্য (সমিতি ব্যবস্থাপনা) এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
- ১১) উপজেলা নির্বাহী অফিস, লাকসাম/নাঙ্গলকোট/মনোহরগঞ্জ, কুমিল্লা।
- ১২) ডিজিএম, (সদর দপ্তর-কারিগরী/নাঙ্গলকোট/মনোহরগঞ্জ জোনাল অফিস, কুমিল্লা পবিস-৪।
- ১৩) এজিএম (অর্থ/এডমিন/সদস্য সেবা/ওএন্ডএম/ইএন্ডসি), কুমিল্লা পবিস-৪।
- ১৪) এজিএম(ওএন্ডএম), জোড্ডা/নাখেরপেটুয়া সাব জোনাল অফিস, কুমিল্লা পবিস-৪।
- ১৫) এজিএম(আইটি), , কুমিল্লা পবিস-৪ (অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ১৬) নোটিশ বোর্ড,, কুমিল্লা পবিস-৪।



৪-৪-২০২২

মোঃ ছাদেক জামান

জেনারেল ম্যানেজার